



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ময়মনসিংহ।
www.deo.mymensingh.gov.bd



তারিখ : ৩১/০৮/২০২৩ খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ জেলার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সম্মানিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ মোস্তাফিজার রহমান মহোদয়ের সরকারি-দাপ্তরিক মোবাইল ফোন নম্বর 01733373300 হতে বিভিন্ন ব্যক্তি/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট ফোনে টাকা চাওয়া হচ্ছে। মূলত: জেলা প্রশাসক মহোদয়ের পক্ষ হতে কাউকে টাকা চেয়ে কোন ফোন করা হয়নি। একশ্রেণির প্রতারক চক্র এ কাজটি করে থাকতে পারে বিধায় প্রতারক চক্র হতে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, প্রথমে বর্ণিত মোবাইল নম্বর (01733373300) হতে ফোন করে এবং পরবর্তীতে Whatsapp-এ কল করে টাকা চাওয়া হয়। এ ব্যাপারে কাউকে কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো।

(মোহিনা খাতুন)

জেলা শিক্ষা অফিসার

ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৬৬৬২২৩০।